

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

(কাস্টমস্)

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও, নং ১৬১-আইন/২০১১/২৩৪৮/স্ক্র।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219(1), THIRD SCHEDULE এর Item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

১। বিধি ১১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১১ প্রতিস্থাপিত হইবে, যথা :-

“১১। লাইসেন্স নবায়ন।- (১) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ (পঁয়তালিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টম হাউসের ক্ষেত্রে ১০(দশ) হাজার টাকা এবং ল্যান্ড কাস্টম স্টেশনের ক্ষেত্রে ৫(পাঁচ) হাজার টাকা নবায়ন ফি পরিশোধপূর্বক আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের বিগত সময়ের কার্যক্রম সম্বন্ধে জনক বিবেচিত হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৪(চার) বৎসর মেয়াদে লাইসেন্স নবায়ন করিবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর প্রথম মেয়াদে কোন কার্যক্রম না করিয়া থাকিলেও লাইসেন্সিং কর্তৃপক্ষ ন্যায়-নির্ণয়নপূর্বক জরিমানা বা অর্থদণ্ড আদায় সাপেক্ষে আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৪(চার) বৎসর মেয়াদে উক্ত লাইসেন্স নবায়ন করিবে:

তবে শর্ত থাকে যে, প্রথম মেয়াদে নবায়নের পরেও দ্বিতীয় মেয়াদে লাইসেন্সের কার্যক্রম না থাকিলে পরবর্তী মেয়াদের জন্য আর নবায়ন করিবে না।

(৪) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে-

- (ক) লাইসেন্সিং কার্যক্রম সন্তোষজনক নয়; বা
- (খ) লাইসেন্সিং বিরুদ্ধে কোন মামলা, সরকারী পাওনা বকেয়া রয়েছে; বা
- (গ) লাইসেন্সিং তাহার লাইসেন্স প্রাপ্তির তারিখ হইতে ৮(আট) বৎসর বা নবায়ন গ্রহণের পর ৪ (চার) বৎসর পর্যন্ত কোন কার্যক্রম পরিচালনা করিতে ব্যর্থ হইয়াছেন;

তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স নবায়ন করিবে না এবং উক্ত সিদ্ধান্ত আবেদন প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে লাইসেন্সিকে লিখিতভাবে অবহিত করিবে।”।

২। বিধি ১২ এর প্রাস্তস্থিত দাড়ির পরিবর্তে নিম্নরূপ কমা (.), শব্দগুলি, সংখ্যা, বন্ধনী ও দাড়ি প্রতিস্থাপিত হইবে, যথা :-

“, তবে অনুরূপ ক্ষেত্রে লাইসেন্সিং ন্যূনতম ১০ (দশ) বৎসরের সন্তোষজনক কার্যক্রম করিবার অভিজ্ঞতা থাকিলে বিধি ৫(৩) এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতার বিধান প্রযোজ্য হইবে না।”

৩। বিধি ১৫ এর প্রাস্তস্থিত দাড়ির পরিবর্তে নিম্নরূপ শব্দগুলি, সংখ্যা, বন্ধনী ও দাড়ি প্রতিস্থাপিত হইবে, যথা :-

“এবং উক্ত কাস্টমস্ সরকার পারমিট এর মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৪ (চার) বৎসর।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ রেজাউল হক)

দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)